

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
চিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স: ৫৫০১৩৫১৮  
ওয়েব সাইট: www.berc.org.bd।

নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সবি/০৭৮৬


তারিখ: ৪ ফেব্রুয়ারি ২০১৭

### প্রেস রিলিজ

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড ২৯ মার্চ ২০১৬ ও ২৬ জুন ২০১৬ তারিখে ট্রান্সমিশন চার্জ বৃদ্ধির জন্য কমিশনে আবেদন করে। এছাড়া, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড ২৮ মার্চ ২০১৬, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড ও সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড ২৯ মার্চ ২০১৬ এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড ৩০ মার্চ ২০১৬ তারিখে ডিস্ট্রিবিউশন চার্জসহ ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্যহার গড়ে ৯৪.৯% বৃদ্ধির জন্য কমিশনে আবেদন করে।

কমিশন কোম্পানীসমূহের আবেদন পরীক্ষা-নিরীক্ষাতে ৭, ৮, ১০, ১১, ১৪, ১৬, ১৭ এবং ১৮ আগস্ট ২০১৬ তারিখে গণশুননি করে। অতঃপর বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন গ্যাসের উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যয় এবং দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় ভোক্তা পর্যায়ে গ্রাহক শ্রেণিভিত্তিক অভিন্ন মূল্যহার পুনঃনির্ধারণ করে। এ মূল্যহার ভারিত গড়ে (weighted average) ২২.৭% বৃদ্ধি করা হয়েছে- যা দুই ধাপে অর্থাৎ প্রথম ধাপ ১ মার্চ ২০১৭ এবং দ্বিতীয় ধাপ ১ জুন ২০১৭ তারিখ হতে কার্যকর হবে। মূল্যহার পুনঃনির্ধারণ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি সংযুক্ত করা হলো।

কমিশনের আদেশক্রমে,



মোঃ ফয়জুর রহমান  
সচিব  
ফোনঃ ৯১৪ ০১২৫



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিরি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সম্প্রসারণ ও বিতরণ/অংশ-১/০৭৮৫

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ  
২৩ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

### গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক ভোক্তা পর্যায়ে সরবরাহকৃত গ্যাসের মূল্যহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	মূল্যহার (টাকা/ঘনমিটার)	
		১ মার্চ ২০১৭ তারিখ হতে কার্যকর	১ জুন ২০১৭ তারিখ হতে কার্যকর
১	বিদ্যুৎ	২.৯৯	৩.১৬
২	ক্যাপ্টিভ পাওয়ার	৮.৯৮	৯.৬২
৩	সার	২.৬৪	২.৭১
৪	শিল্প	৭.২৪	৭.৭৬
৫	চা বাগান	৬.৯৩	৭.৪২
৬	বাণিজ্যিক	১৪.২০	১৭.০৮
৭	সিএনজি	৩৮.০০	৪০.০০
৮	গৃহস্থালী :		
	ক) মিটারভিডিক	৯.১০	১১.২০
	খ) এক বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট)	৭৫০.০০	৯০০.০০
	গ) দুই বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট)	৮০০.০০	৯৫০.০০

২। প্রতি ঘনমিটার সিএনজি গ্যাসের প্রথম ধাপ এবং দ্বিতীয় ধাপ এর পুনঃনির্ধারিত মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্যহার যথাক্রমে ৩০.০০ টাকা এবং ৩২.০০ টাকা এবং উভয় ধাপে অপারেটর মার্জিন ৮.০০ টাকা অন্তর্ভুক্ত রয়েছে।

৩। গ্যাস সরবরাহে বিদ্যমান অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশক্রমে,

মোঃ ফয়জুর রহমান

সচিব

ফোনঃ ৯১৪ ০১২৫